

নং-প্রকাশ্যইচআরএমডিঃ০৩ঃ০১ঃ৩৮২২(শৃঙ্খলা)/(২২-২৩)/২০২৩-২০২৪/ ৩২৪২

তারিখঃ ০৭.০৫.২০২৪ খ্রি.

কর্মসংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব রাজিব সাহা (আর-১৪০৪), উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকায় দায়িত্বপালনকালে কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির জন্য আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর শৃঙ্খলাসম্পর্কিত ৩৮ এর (ক), (খ) ও (গ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়নমূলক অপরাধের দায়ে বিভাগীয় শৃঙ্খলাজনিত মামলা নং-০২/২৩-২৪ রুজুপূর্বক অত্র বিভাগের ০৩-০৭-২০২৩ খ্রি. তারিখের প্রকাশ্যইচআরএমডিঃ০৩ঃ০১ঃ৩৮২২(শৃঙ্খলা)/(২২-২৩)/২০২৩-২০২৪/১৬ নম্বর স্মারকমূলে অভিযোগনামা জারি করা হয়েছিল। আপনি উহার জবাব দাখিল করেছিলেন। কর্তৃপক্ষ উক্ত মামলাটি তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করেছিলেন;

০২। যেহেতু তদন্তকারী কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলা প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করেছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ, আপনার জবাব, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক তথ্যাদি পর্যালোচনা করে আপনি জনাব রাজিব সাহা আপনার বিরুদ্ধে প্রমাণিত অভিযোগের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা-২০০৮ এর ৩৯(১)(খ) প্রবিধি মোতাবেক আপনাকে চাকরি হতে বরখাস্ত বা প্রবিধিতে বর্ণিত অন্য কোন গুরুদণ্ড প্রদান করার নিমিত্ত অত্র বিভাগের ৩০-১০-২০২৩ খ্রি. তারিখের প্রকাশ্যইচআরএমডিঃ০৩ঃ০১ঃ৩৮২২(শৃঙ্খলা)/(২২-২৩)/২০২৩-২০২৪/১১৭৮ নম্বর কর্মসংক্রান্ত ঘোষণামূলে চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ জারি করা হয়েছিল;

০৪। যেহেতু আপনি জনাব রাজিব সাহা অত্র বিভাগের ৩০-১০-২০২৩ খ্রি. তারিখের উক্ত চূড়ান্ত কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেছেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করে আপনি জনাব রাজিব সাহা আপনাকে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়নমূলক অপরাধের দায়ে দোষী সাব্যস্ত করতঃ গুরুদণ্ড তথা চাকুরি হতে বরখাস্ত করার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন;

০৫। এক্ষণে সেহেতু কর্তৃপক্ষ বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ৩৯(১)(খ)(উ) প্রবিধি মোতাবেক আপনি জনাব রাজিব সাহা আপনাকে চাকুরি হতে বরখাস্তের আদেশ দিলেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

জনাব রাজিব সাহা
(ভঃতঃসূচক নং-আর-১৪০৪)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা (বরখাস্তকৃত)
বাংলাদেশ কৃষি ব্যাংক
আইসিটি সিস্টেমস বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা।

স্বাক্ষরিত


(মোহঃ আতিকুর রহমান)
উপমহাব্যবস্থাপক

নং-প্রকাশ্যইচআরএমডিঃ০৩ঃ০১ঃ৩৮২২(শৃঙ্খলা)/(২২-২৩)/২০২৩-২০২৪/ ৩২৪২

তারিখঃ ০৭.০৫.২০২৪ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। উপমহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মসংক্রান্ত ঘোষণাটি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকরি বহিতে লিপিবদ্ধ করতঃ আদেশটি নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হলো।
- ০৫। উপমহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। এতৎসঙ্গে প্রেরিত মূল কর্মসংক্রান্ত ঘোষণাটি জনাব রাজিব সাহা, উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা(বরখাস্তকৃত) এর নিকট প্রাপ্তি স্বীকার রসিদ মারফত হস্তান্তর করতঃ রসিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। সংশ্লিষ্ট কর্মকর্তা বা তার পরিবারের কোন সদস্যকে তার স্থায়ী ঠিকানায় পাওয়া না গেলে অভিযুক্তের বর্তমান বা স্থায়ী ঠিকানায় কর্মসংক্রান্ত ঘোষণাটি আপনার কার্যালয়ের একজন দায়িত্বশীল কর্মকর্তার মাধ্যমে তার বসতবাড়ীর সদর দরজায় সহজে দৃশ্যমান হয় এমন কোন স্থানে ০২ (দুই) জন সাক্ষীর উপস্থিতিতে লটকিয়ে জারি করতঃ সাক্ষীগণের স্বাক্ষর, নাম, ঠিকানা ও মোবাইল নাম্বার গ্রহণপূর্বক জারি সংক্রান্ত একটি প্রতিবেদন অত্র বিভাগে পৌছানো নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো। এছাড়াও কর্মসংক্রান্ত ঘোষণা পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
- ০৭। নথি/মহানথি/মূলনথি।


(মোঃ আবু রায়হান)
সহকারী মহাব্যবস্থাপক